কুমারখালী থেকে অপহৃত স্কুল ছাত্রীকে উদ্ধার: আটক ১

কুষ্টিয়ার কুমারখালী থেকে অপহৃত স্কুল ছাত্রীকে অপহরণের আটদিন পর ঠাকুরগাঁও রাণীশংকৈল থানা এলাকা থেকে উদ্ধার করেছে পুলিশ।

এ সময় অপহরণকারী শ্রী সনাতন বর্মনকে (২০) গ্রেফতার করা হয়। শনিবার কুমারখালী থানার এসআই ফোর্স সাথে নিয়ে অপহৃতকে উদ্ধার ও অপহরণকারীকে আটক করেন।

উদ্ধারকৃত স্কুল ছাত্রী কয়া ইউনিয়নের বাসিন্দা ও দশম শ্রেণির ছাত্রী।

অপহৃতের পারিবারিক ও পুলিশ সূত্রে জানা যায়, গত ১৩ নভেম্বর ভোরে ওই ছাত্রী কোচিং ক্লাস করার জন্য বাড়ি থেকে বের হয়ে আর ফিরে না আসলে খোঁজাখুঁজির একপর্যায়ে কুমারখালী থানায় সাধারণ ডায়েরি করা হয়।

পরবর্তীতে তারা জানতে পারেন ১৩ নভেম্বর ঘটনার দিন ঐ ছাত্রী সাড়ে ছয়টার দিকে কয়া ডিগ্রী কলেজের কাছে পৌঁছায়। এ সময় ঠাকুরগাঁও জেলার রাণী শংকৈল থানার রাণী ভবানীপুরের শ্রী মনোরঞ্জন রায়ের ছেলে শ্রী বাদল রায়, চাঁদনী মহলবাড়ির ইসলাম উদ্দিনের ছেলে আবু হানিফ ও রাণী ভবানীপুরের লেহেম্বা ইউপির শ্রী আমানন্দ বর্মনের ছেলে শ্রী সনাতন বর্মন তাকে জোড়পূর্বক অপহরণ করে মাইক্রোবাসে তুলে নিয়ে যায়।

২০ নভেম্বর অপহৃতের পিতা আহাম্মদ আলী বাদী হয়ে কুমারখালী থানায় মামলা দায়ের করেন। ঘটনার আট দিন পর ২১ নভেম্বর শনিবার ঠাকুরগাঁও জেলার রাণী শংকৈল থানার বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে অপহৃত স্কুল ছাত্রীকে উদ্ধার ও অপহরণকারীকে গ্রেফতার করে।

কুমারখালী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মজিবুর রহমান বলেন, তথ্য প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে তাদের লোকেশন চিহ্নিত করে মেয়েটিকে উদ্ধার ও একজন অপহরণকারীকে আটক করা হয়। গ্রেফতারকৃতকে আদালতে সোপর্দ করা হয়েছে।